

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আধাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং- ২১/২০২২

তারিখঃ ২৮/০৪/২০২২ খ্রিঃ

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর স্থায়ী আদেশ নং- ১৩/২০২২/কাস্টমস, তারিখঃ ২১/০৪/২০২২ খ্রিঃ সম্মানিত সদস্যদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

মোঃ মিজানুর রহমান
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।
[কাস্টমস: অটোমেশন শাখা]

স্থায়ী আদেশ নং- ১৩/২০২২/কাস্টমস

তারিখঃ ২১.০৪.২০২২ খ্রিঃ

বিষয়: জাতীয় রাজস্ব বোর্ড এর অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম এবং কাস্টমস সংক্রান্ত সেবা সহজীকরণের লক্ষ্যে ১৬১৩৪ হটলাইন নম্বর চালুকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আমদানি-রপ্তানি প্রক্রিয়া সহজীকরণ এবং দ্রুততম সময়ে ঝুঁকি হ্রাসপূর্বক রাজস্ব আহরণের লক্ষ্যে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম ব্যবহার করা হয়। বর্তমানে জাতীয় রাজস্ব বোর্ডের অধিভুক্ত ০৬ (ছয়) টি কাস্টম হাউস, ২৬ (ছাব্বিশ) টি কাস্টমস স্টেশন, ২০ (বিশ) টি অফ-ডক এবং ইপিজেডসমূহে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম এর মাধ্যমে শুক্রায়ন কার্যক্রম চালু রয়েছে। কাস্টমস অফিসগুলোতে কর্মরত কর্মকর্তাগণ, বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ ব্যাংক, সোনালী ব্যাংক, বাংলাদেশ বিমান, শিপিং এজেন্ট, সিএন্ডএফ এজেন্ট, ফ্রেইট ফরওয়ার্ডার্স, ফিডার অপারেটর এবং সকল কমাশিয়াল ব্যাংকসহ বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান এই সিস্টেমের প্রাত্যাহিক ব্যবহারকারী। ভবিষ্যতে আরো সরকারি বেসরকারি সংস্থার সাথে আন্তঃসংযোগ স্থাপনের মাধ্যমে আমদানি-রপ্তানি প্রক্রিয়া অধিকতর ডিজিটাল ব্যবস্থায় রপান্তর করা হবে।

০২। আমদানি-রপ্তানি প্রক্রিয়া সংশ্লিষ্ট সকল অংশীজন যেন অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম এবং কাস্টমস সংক্রান্ত সকল বিষয়ে দ্রুততম সময়ে কাজিত সেবা পান সে লক্ষ্যে ১৬১৩৪ হটলাইন নম্বর চালু করা হয়েছে। এ হটলাইনের মাধ্যমে কাস্টমস সংক্রান্ত সেবা, সেবা সংশ্লিষ্ট প্রয়োজনীয় সকল তথ্য ও পরামর্শসহ দেশে বিদ্যমান কাস্টমস সংক্রান্ত আইন ও বিধি-বিধান সম্পর্কে জানতে পারবেন। হটলাইনের কার্যক্রম প্রতি কর্মদিবসের সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত চালু থাকবে এবং হটলাইনে সেবা পেতে নিয়মিত কল চার্জ প্রযোজ্য হবে।

০৩। আগামী ১৫ই মে, ২০২২ খ্রিঃ তারিখ হতে বর্ণিত হটলাইন নম্বর হতে সেবা পাওয়া যাবে। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

স্বাক্ষরিত/-

রাফিকুল হাসান

দ্বিতীয় সচিব (কাস্টমস: অটোমেশন)

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

ফোন- ০২-৪৮৩১৮১২০-৬/এক্স-৪১১

ই-মেইল- ss.asycuda@gmail.com